



বাংলাদেশ মিশনের নিরাপত্তা ইস্যুতে ভারতীয় হাইকমিশনারকে তলব



সংগৃহীত ছবি

ভারতের বিভিন্ন শহরে অবস্থিত বাংলাদেশি মিশনের নিরাপত্তা নিয়ে উদ্বেগের প্রেক্ষাপটে ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মাকে তলব করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে ভারতের দৃষ্টি আকর্ষণ করেছে বাংলাদেশ।

ভারতের রাজধানী নয়াদিল্লি ও কলকাতাসহ বিভিন্ন এলাকায় বাংলাদেশ মিশন ঘিরে সাম্প্রতিক নিরাপত্তা পরিস্থিতি নিয়ে আলোচনা করতে ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মাকে তলব করেছে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়।

মঙ্গলবার (২৩ ডিসেম্বর) সকাল ১০টায় তিনি পররাষ্ট্র মন্ত্রণালয়ে উপস্থিত হন।

কূটনৈতিক সূত্র জানায়, পররাষ্ট্রসচিব আসাদ আলম সিয়ামের সঙ্গে বৈঠকে বিষয়টি উত্থাপন করা হয়। বৈঠকে বাংলাদেশের পক্ষ থেকে ভারতের বিভিন্ন শহরে অবস্থিত বাংলাদেশি কূটনৈতিক মিশনগুলোর নিরাপত্তা আরও জোরদার করার অনুরোধ জানানো হয়।

সূত্র আরও জানায়, কূটনৈতিক রীতিনীতি অনুযায়ী বাংলাদেশ তার কূটনৈতিক স্থাপনাগুলোর নিরাপত্তা নিশ্চিত করতে ভারতের সহযোগিতা প্রত্যাশা করছে এবং এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আহ্বান জানানো হয়েছে।